

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৭.০০০০.০২৪.০১.০০২.২০২৬- ৭৫৬


তারিখ : ১২ আশ্বিন, ১৪৩৩।
২৭ সেপ্টেম্বর, ২০২৬।

বিজ্ঞপ্তি

কারা অধিদপ্তরধীন কারারক্ষী ও মহিলা কারারক্ষী পদে ২৭.০৯.২০২৬ তারিখে প্রকাশিত ফলাফলের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে তাদের পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণের লক্ষ্যে নির্ধারিত ফরমটি কারা অধিদপ্তরের ওয়েব সাইটে (www.prison.gov.bd) আপলোড করা হলো। উক্ত ফরমটি ডাউনলোড করে ০২ (দুই) সেট যথাযথভাবে পূরণ করে জমাদানের জন্য কারারক্ষী ও মহিলা কারারক্ষী পদের প্রার্থীদের আগামী ০৩.১০.২০২৬ তারিখ রোজ শনিবার সকাল ০৮.০০ ঘটিকায় কারা অধিদপ্তর, ঢাকায় হাজির হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

পূরণকৃত ০২ (দুই) সেট পুলিশ ভেরিফিকেশন ফরমের সঙ্গে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে তা নিম্নরূপঃ

- ক। টেলিটকের মাধ্যমে প্রেরিত আবেদনের কপি, শারীরিক যোগ্যতা যাচাই পরীক্ষার প্রবেশ পত্র ও লিখিত পরীক্ষার প্রবেশ পত্র।
- খ। সকল শিক্ষাগত যোগ্যতা/ সাময়িক সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি- ০৩ (তিন) সেট।
- গ। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ/প্রশংসা পত্রের মূল কপি- ০৩ (তিন) কপি।
- ঘ। প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত ছায়ালিপি- ০৩ (তিন) কপি।
- ঙ। জেলার স্থায়ী বাসিন্দা/ জাতীয়তার প্রমাণ স্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) এর নিকট হতে স্থায়ী নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি- ০৩ (তিন) কপি।
- চ। প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি- ০৩ (তিন) কপি।
- ছ। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি- ০৪ কপি। (ইতোপূর্বের সকল ছবির সাথে মিল থাকতে হবে)
- জ। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীদের পিতা/ মাতার নামে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি, সরকারী গেজেটের কপি, মুক্তিবর্তার কপি- ০৩ (তিন) সেট। (যাহা উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষিত থাকতে হবে)
- ঞ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি- ০৩ (তিন) কপি।


কর্নেল মেহবাহুল আলম সেলিম
অতিরিক্ত কারা মহাপরিদর্শক (অপারেশন ও প্রশিক্ষণ)
কারা অধিদপ্তর, ঢাকা।
ও
সভাপতি
কারারক্ষী ও মহিলা কারারক্ষী নিয়োগ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ প্রত্যাগমন বিবরণী ফর্ম

[সমস্ত দফাগুলির সঠিক উত্তর লিপিবদ্ধ করার জন্য একজন দায়িত্বশীল অফিসার দরখাস্তকারীকে যথাযথভাবে প্রশ্ন করিবেন। কারণ কোন কিছু বাদ গেলে দেৱী হওয়ার সম্ভাবনা থাকিতে পারে ও পরিচিতির ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হইতে পারে।]

প্রার্থী যে পদে নিযুক্ত হইবেন সেই পদের নামঃ.....

১ম ভাগঃ প্রার্থী নিজ হস্তে পূরণ করিবেন

- ১। ডাক নাম থাকিলে তৎসহ পুরা নাম (স্পষ্টাক্ষরে) ও জাতীয়তা :.....
- ২। পিতার পুরা নাম ও চাকুরীতে থাকিলে পদের নাম এবং জাতীয়তা :
- ৩। বাড়ীর পুরা ঠিকানা (অর্থাৎ গ্রাম, ডাকঘর, থানা/উপজেলা ও জেলা) :
- ৪। বর্তমান বসবাসের ঠিকানাঃ
- ৫। প্রার্থী যে সমস্ত স্থানে বিগত পাঁচ হইতে ছয় মাসের অধিক অবস্থান করিয়াছেন সেই সব স্থানের ঠিকানাঃ

ঠিকানা	তারিখ হইতে	তারিখ পর্যন্ত

- ৬। জন্ম তারিখ (প্রার্থী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকিলে উক্ত সার্টিফিকেটের বয়স লিখিতে হইবে) :
- ৭। জন্মস্থান (গ্রাম, থানা, জেলা ইত্যাদি উল্লেখ করিতে হইবে) :
- ৮। প্রার্থী পনের বৎসর বয়স হইতে যে সব বিদ্যালয়ে, মহাবিদ্যালয়ে ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছেন সেই সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বৎসর উল্লেখ পূর্বক শিক্ষাগত যোগ্যতাঃ

বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম	শ্রেণী ও রোল নং	ভর্তির তারিখ	পরিত্যাগের তারিখ

- ৯। অফিস বা ব্যবসা প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে উহার পূর্ণ বিবরণ ও ঠিকানা এবং সেইগুলি পরিত্যাগের কারণঃ

অফিস / ব্যবসা প্রতিষ্ঠানে	তারিখ হইতে	তারিখ পর্যন্ত	পরিত্যাগের কারণ

বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে অব্যাহতি সার্টিফিকেট লিপিবদ্ধ চাকুরীর মেয়াদ কিকি দায়িত্ব পালন করিয়াছেন এবং চরিত্র (আচার-ব্যবহার সম্পর্কিত রিপোর্টের সংশ্লিষ্ট বিবরণাদি উল্লেখ করিতে হইবে।

টীকাঃ-সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সন্তুষ্ট হইতে হইবে যে, উল্লিখিত ভূতপূর্ব সামরিক কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট সন্তোষজনক।

১০। ফৌজদারী, রাজনৈতিক বা অন্য কারণে গ্রেপ্তার, অভিযুক্ত বা দণ্ডিত এবং নজরবন্দী বা বহিস্কৃত হইয়াছেন কিনা, হইয়া থাকিলে তারিখসহ পূর্ণ বিবরণ দিতে হইবেঃ

১১। আত্মীয়-স্বজনের কেহ অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শ্বশুরের দিকের নিকট আত্মীয় বাংলাদেশ সরকারের চাকুরীতে নিযুক্ত থাকিলে পদের নাম ও কর্মসংস্থান উল্লেখ পূর্বক পূর্ণ বিবরণ।

আত্মীয়-স্বজনের নাম	পদের নাম	কর্মস্থান

১২। প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বশেষ অধ্যয়ন করিয়াছেন উহার প্রধানের নিকট হতে একটি চরিত্রগত সার্টিফিকেট এই সঙ্গে দিতে হবে।

১৩। প্রার্থীর চরিত্র ও পরিচয় সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর সাথে আত্মীয়তা সূত্রে আবদ্ধ নন এমন দুই ব্যক্তির ঠিকানাসহ নাম (সংসদ-সদস্য, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, রিডার সিনিয়র লেকচারার ও বেসরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ) :

নাম	ঠিকানা

১৪। বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হলে বা বিবাহের প্রস্তাব থাকলে, যাকে বিবাহ করা হয়েছে বা বিবাহ করার জন্য প্রসন্ধ্যাব রয়েছে তার জাতীয়তা উল্লেখ করতে হবে) :.....

আমি শপথ পূর্বক বলছি যে, উপরে প্রদত্ত বিবরণ সমূহ আমার জানামতে সঠিক।

প্রার্থীর স্বাক্ষর
ও তারিখ।

প্রেরণকারী অফিসারের স্বাক্ষর ও পদবী
এবং পুরা ঠিকানাসহ অফিসের নাম

২য় ভাগঃ জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট/
বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পূরণ করবেন।

নিম্নোক্ত কারণের জন্য অনুপোযুক্ত

স্থান :

তারিখ :

পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা স্পেশাল ব্রাঞ্চ, ডেপুটি
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।

প্রত্যয়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষ এর নিকট সরাসরি ফেরত পাঠাবেন। কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোন তথ্য পাওয়া যায় তা হলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট/বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষ এর নিকট সরাসরি ফেরত পাঠাবেন।

প্রতি স্বাক্ষরিত.....
ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।